

Tripura Commission For Women

Melarmath, Agartala, West Tripura, PIN - 799001
e-mail : tripuracommissionforwomen@gmail.com
Website : www.tcw.tripura.gov.in

Ref. No. ১/১৮/১৯/২০

মহিলা কমিশনের সচেতনতা সভা

Date : ২৬-৫-২৩

আগরতলা।। ত্রিপুরা মহিলা কমিশনের উদ্যোগে গত ১৮, ১৯ ও ২০ মে সকাল ১১টা থেকে ধলাই, উনকোটি এবং উত্তর জেলায় পর্যায়ক্রমে 'মহিলা ও কন্যা সন্তানের বিরুদ্ধে অপরাধ' সম্পর্কে তিনটি সচেতনতা সভা অনুষ্ঠিত হয়েছে। এই সভাগুলিতে কোথাও অসম্মিত অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিধানসভায় নির্বাচিত জনপ্রতিনিধি স্বপ্না পাল দাস, কোথাও বা প্রাক্তন বিধায়ক ভগবান দাস, সংশ্লিষ্ট অঞ্চলের জেলা সভাপতি, জিলা সহ-সভাপতি, জিলা সদস্য-সদস্যা, আরক্ষা দপ্তর এবং সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের আদিকারিকগণ, বার কাউন্সিলের অ্যাসিস্ট্যান্ট পাবলিক প্রসিকিউটর সহ অন্যান্য সরকারি আইনজীবীগণ, বিভিন্ন স্কুল থেকে আগত শিক্ষক-শিক্ষিকা এবং বিভিন্ন কলেজের ছাত্র-ছাত্রীগণ, এনজিওর প্রতিনিধি, সেলফ-হেল্পগ্রুপের সদস্য এবং বিশিষ্ট সমাজসেবীগণ। প্রত্যেকটি সচেতনতা সভাতেই মহিলা কমিশনের পক্ষ থেকে উপস্থিত ছিলেন কমিশনের চেয়ার পার্সন বর্ণালী গোস্বামী, ভাইস-চেয়ারপার্সন অস্মিতা বণিক এবং সদস্যা ডালিয়া সিংহ। সচেতনতা সভাগুলিতে মহিলা ও কন্যা সন্তানের বিরুদ্ধে অপরাধ প্রতিহত করতে কিছু পদক্ষেপ নিয়ে আলোচনা করা হয়।